

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন, রমনা, ঢাকা
www.ccb.gov.bd

স্মারক নং- ২৬.১২.০০০০.১০৭.২৯.০০১.১৮(২য় খন্ড)-৪৩৮

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩০
১০ আগস্ট ২০২৩

বিষয়: বাজার পরিস্থিতির বিষয়ে বিভিন্ন অংশীজন সমন্বয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতি: প্রদীপ রঞ্জন চক্রবর্তী
চেয়ারপার্সন
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
তারিখ: ১০/০৮/২০২৩
সময়: সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিতি: পরিশিষ্ট “ক”

উপস্থিত সম্মানিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। শুরুতেই তিনি জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে জাতির পিতা এবং তাঁর পরিবারের সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। এরপর তিনি সংশ্লিষ্ট অংশীজনের সাথে পরিচিত হন এবং প্রতিযোগিতা আইন, ২০১২ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান মতবিনিময় সভায় প্রতিযোগিতা আইন, ২০১২ এর বিভিন্ন ধারা এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যাবলির ওপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। প্রেজেন্টেশনের পর জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক, এসবি/এনএসআই/ট্রেড এ্যান্ড ট্যারিফ কমিশন এবং বাণিজ্য মন্ত্রণালয় এর প্রতিনিধিগণ বাজার ব্যবস্থাপনার বিভিন্ন দিক এবং প্রতিযোগিতা আইন, ২০১২ এর উপর বক্তব্য উপস্থাপন করেন। প্রতিযোগিতা আইন, ২০১২ সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যাবলি আরো সম্প্রসারিত করার ওপরও সভায় গুরুত্বারোপ করা হয়। প্রতিযোগিতা আইন, ২০১২ এর পাশাপাশি অত্যাৱশকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ এবং অত্যাৱশকীয় পণ্য বিপণন ও পরিবেশক নিয়োগ আদেশ, ২০১১ বিষয়েও সভায় আলোকপাত করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

- (ক) প্রতিযোগিতা আইন, ২০১২ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল দপ্তরের সাথে সমন্বয় কার্যক্রম আরো জোরদার করা;
- (খ) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক নিষ্পত্তিকৃত মামলাসমূহের ফলাফল সম্পর্কে জোর প্রচারের ব্যবস্থা করা;
- (গ) জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর বিভিন্ন পণ্যের বিষয়ে প্রস্তুতকৃত প্রতিবেদন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সাথে শেয়ার করা। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়;
- (ঘ) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বিষয়ে প্রচারের উদ্দেশ্যে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সদস্যগণের সাথে মতবিনিময়ের উদ্যোগ গ্রহণ করা;
- (ঙ) অত্যাৱশকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ এর তফসিলভুক্ত বিভিন্ন পণ্যের ডিউটি ফি বিষয়ে ট্রেড এ্যান্ড ট্যারিফ কমিশন এবং এনবিআর এর সাথে মতবিনিময় করা;

- (চ) বিভিন্ন সমিতির নামে বিভিন্ন সেক্টরে বিদ্যমান সিভিকিট বা প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ডের বিরুদ্ধে যথাযথ অনুসন্ধানপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;
- (ছ) ট্রেড গ্র্যান্ড ট্যারিফ কমিশনের আওতাধীন বাজার মনিটরিং কমিটির নিকট উৎপাদনকারীগণ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত প্রতিবেদন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সাথে শেয়ার করা। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড গ্র্যান্ড ট্যারিফ কমিশনকে অনুরোধ জানানো হয়;
- (জ) প্রাতিষ্ঠানিক গাইডলাইনস/নিয়মনীতি প্রতিপালন সাপেক্ষে ট্রেড রিলেটেড পরিসংখ্যান বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সাথে শেয়ার করার জন্য গোয়েন্দা সংস্থার প্রতিনিধিগণকে অনুরোধ জানানো হয়। এ প্রসঙ্গে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (অনুসন্ধান, তদন্ত, পুনঃ বিবেচনা ও আপিল) প্রবিধানমালার ৩৫ নং বিধি সম্পর্কে সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। উক্ত ৩৫ নং বিধিতে বলা হয়েছে যে, কমিশন আইন ও এ প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে কোন কার্যাদি সম্পাদনের লক্ষ্যে আইনশৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট যে কোনো সংস্থার সহযোগিতা ও সহায়তা গ্রহণ করতে পারবে;
- (ঝ) বিভিন্ন বড় বড় বাজারে বিদ্যমান তথাকথিত 'কমিশন ব্যবসা' সংক্রান্ত প্রতিযোগিতা আইন, ২০১২ এর আলোকে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা;
- (ঞ) টয়লেট্রিজের মূল্যবৃদ্ধির বিষয়ে অনুসন্ধান কার্যক্রম গ্রহণ করা;
- (ট) বিভিন্ন পণ্য/সেবার বিষয়ে হালনাগাদ ডাটাবেজ সংরক্ষণ করার বিষয়ে প্রয়োজনীয় কার্যকর উদ্যোগ গ্রহণ করার জন্য কৃষি মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়সহ সমধর্মী অন্যান্য প্রতিষ্ঠান সমূহে প্রস্তাব প্রেরণ করা।

০৩। পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকল সহকর্মীকে পুনরায় আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)

চেয়ারপার্সন

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। সদস্য (সকল), বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা;
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড গ্র্যান্ড ট্যারিফ কমিশন;
- ৪। মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর;
- ৫। অতিরিক্ত মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা;
- ৬। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, ঢাকা;
- ৭। অতিরিক্ত সচিব, আমদানি অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৮। অফিস কপি।



২০.০৮.২০২৩

(নূর উদ্দিন যোবায়ের)

সহকারী পরিচালক

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।